

## ব্যাংক দ্বারা স্মার্ট কার্ড প্রদান

DBOD.No.FSC.BC. 88 /24.01.011A/2001-02

এপ্রিল ১১,২০০২

সমস্ত তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক  
(আঞ্চলিক গ্রামীণ ব্যাংক ব্যতীত)

মহাশয়,

### ব্যাংক দ্বারা স্মার্ট কার্ড প্রদান

১২ই নভেম্বর ১৯৯৯ তারিখের বিজ্ঞপ্তি DBOD. No.FSC.BC.123/24.01.019/ 99-2000 (সংযোজনী ১-বিষয় ৩-গ্রাহকের যোগ্যতা)-এ দেওয়া নির্দেশাবলীর অনুযায়ী ব্যাংকগুলিকে নির্দেশ দেওয়া হয়েছিল সেইসব গ্রাহকদের স্মার্ট/ডেবিট কার্ড প্রদান করার জন্যে যাদের আর্থিক অবস্থা ভাল এবং যারা অন্ততঃ ছ মাস ধরে নিজেদের অ্যাকাউন্ট সন্তোষজনক ভাবে পরিচালনা করেছেন ।

২। ব্যাপারটা পুনঃবিচার করে সিদ্ধান্ত নেওয়া হল যে ব্যাংকগুলি স্মার্ট কার্ড প্রদান করতে পারে ( অন-লাইনও অফ-লাইন উভয় মাধ্যমেই)সেই সব বাছাই করা গ্রাহকদের যাদের আর্থিক অবস্থা ভাল কিন্তু তারা ছ মাসের কম সময় ধরে ব্যাংকের অ্যাকাউন্ট পরিচালনা করেছেন যদি “আপনার গ্রাহককে চিনুন”-ধারণাটি তারা নিশ্চয়তার সঙ্গে ২১শে জুন ১৯৯৯ তারিখের বিজ্ঞপ্তি নং DBS.FGV.BC.56/23.04.001/98-99 এর মধ্যে ব্যাংকগুলিকে পাঠানো রিপোর্ট অফ দ্য স্ট্যাডি গ্রুপ অন লার্জ ভ্যালু ব্যাংক ফ্রন্ড এর অনুচ্ছেদ ৯.২-এর অনুসারে কার্যকরী করতে পারেন। যদিও যে ব্যাংকগুলি অফ-লাইন মাধ্যমে ডেবিট কার্ডের কাজকর্ম চালু করছে, তাদের ছ মাস ধরে সন্তোষজনক ভাবে অ্যাকাউন্ট পরিচালনার ন্যূনতম সময়সীমাটি মেনে চলতে হবে।

৩। এর ফলস্বরূপ পরিবর্তনটি সংযুক্ত স্লিপ অনুযায়ী অনুগ্রহ করে,ম্যানুয়াল অফ ইন্সট্রাকশনের পরিচ্ছেদ ১৫এর অনুচ্ছেদ ১৫.১১র সংযোজনী ১ -এর বিষয় ৩ এর ক্ষেত্রে প্রয়োগ করুন।

৪। অনুগ্রহ করে চিঠির প্রাপ্তি স্বীকার করুন।

ইতি ভবদীয়,

(সি আর মুরলীধরণ)

চীফ জেনারেল ম্যানেজার

## সংযোজনী ১

( অনুচ্ছেদ- ১৫.১১)

## ৩. গ্রাহকের যোগ্যতা

ব্যাংকগুলি স্মার্ট কার্ড প্রদান করতে পারে ( অন-লাইনও অফ-লাইন উভয় মাধ্যমেই)সেই সব বাছাই করা গ্রাহকদের যাদের আর্থিক অবস্থা ভাল কিন্তু তারা ছ মাসের কম সময় ধরে ব্যাংকের অ্যাকাউন্ট পরিচালনা করেছেন যদি “আপনার গ্রাহককে চিনুন”-ধারণাটি তারা নিশ্চয়তার সঙ্গে ২১এজুন১৯৯৯তারিখের বিজ্ঞপ্তি নং. DBS. FGV.BC.56/23.04.001/98-99 এর মাধ্যে ব্যাংকগুলিকে পাঠানো রিপোর্ট অফ দ্য স্ট্যাডি গ্রুপ অন লার্জ ভ্যালু ব্যাংক ফ্রড এর অনুচ্ছেদ ৯.২-এর অনুসারে কার্যকরী করতে পারেন। যদিও যে ব্যাংকগুলি অফ-লাইন মাধ্যমে ডেবিট কার্ডের কাজকর্ম চালু করছে, তাদের ছ মাস ধরে সন্তোষজনক ভাবে অ্যাকাউন্ট পরিচালনার ন্যূনতম সময়সীমাটি মেনে চলতে হবে।ব্যাংক ডেবিট/ স্মার্ট কার্ডের সুবিধা প্রদান করতে পারে সেসব ব্যক্তিদের,সংস্থা এবং বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলিকে যারা অন্তর্নিহিত লিকুইডিটি বৈশিষ্ট্য সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট/কারেন্ট অ্যাকাউন্ট/ফিক্সড ডিপসিট অ্যাকাউন্ট পরিচালনা করেছেন। ডেবিট/ স্মার্ট কার্ডের সুবিধা ক্যাশ/ক্রেডিট/লোন অ্যাকাউন্ট ধারীদের প্রদান করা চলবে না যদিও, ব্যাংকগুলি ব্যক্তিগত লোন অ্যাকাউন্টের বিপরিতে অন-লাইন ডেবিট কার্ড প্রদান করতে পারে,সেসব ক্ষেত্রে যেখানে চেকের মাধ্যমে কাজকর্ম করার অনুমতি আছে।